


স্বাধীনতা ★ গণতন্ত্র ★ সমাজতন্ত্র



কলিকাতা বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কমিটি

৭৯/৩এ, আচার্য জগদীশচন্দ্র বোস রোড
দীনেশ মজুমদার ভবন
কলকাতা- ৭০০০১৪

প্রেস বিবৃতি [৪ জুলাই, ২০২৫]

৩রা জুলাই, হাইকোর্টের বিচারপতি সৌমেন সেনের ডিভিশন বেঞ্চার রায় দেয় ছাত্র সংসদ নির্বাচন না হওয়া পর্যন্ত রাজ্যের সমস্ত কলেজ-বিশ্ববিদ্যালয়ে ইউনিয়ন রুম গুলো বন্ধ থাকবে। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারের অনুমতি ছাড়া ছাত্র ইউনিয়নের রুম খোলা যাবে না। এমনকি, ছাত্র সংসদ নির্বাচন নিয়ে কী ভাবছে রাজ্য, তা আগামী ১৭ই জুলাইয়ের মধ্যে হলফনামা দিয়ে জানাতে হবে রাজ্যকে। হাইকোর্টের এই রায়কে স্বাগত জানাই। এটা অবৈধ ইউনিয়ন রুমে তালিকা বোলায়নার দাবীতে এবং অবিলম্বে ছাত্র সংসদ নির্বাচনে দাবীতে ভারতের ছাত্র ফেডারেশনের দীর্ঘ লড়াই আন্দোলনের জয়!

এই রায়ের পর কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অন্তর্বর্তী উপাচার্য দাবী করেছেন, দু'মাস আগে অ্যাডমিনিস্ট্রেটিভ বডি'র মিটিং ডেকে কর্তৃপক্ষকে সমস্ত ক্যাম্পাসের ইউনিয়ন রুমে তালিকা বোলায়না হয়েছিল। যা কিনা হাইকোর্টকে রাজ্যের বাকি কলেজ-বিশ্ববিদ্যালয়ের ইউনিয়ন রুম গুলো বন্ধ করার সিদ্ধান্তে আসতে সাহায্য করেছে। কর্তৃপক্ষকে মনে করিয়ে দিতে চাই, কলিকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের এই কঠোর সিদ্ধান্তের নেপথ্যে ছিল ভারতের ছাত্র ফেডারেশন। বিগত ২২ এপ্রিল, ২০২৫ ভারতের ছাত্র ফেডারেশন কলিকাতা বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কমিটির লাগাতার ২৩ ঘন্টা ঘেরাও আন্দোলনের জেরে কর্তৃপক্ষ বাধ্য হয়েছিল কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রতিটি ক্যাম্পাসে তালিকা বোলাতে।

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অন্তর্বর্তী উপাচার্য আরও দাবী করেছেন, এই রায়ের পর কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে কোনো বহিরাগত প্রাক্তনী কর্তৃপক্ষের অনুমতি ছাড়া বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে প্রবেশ করতে পারবেনা। অথচ, হাইকোর্টের স্টে অর্ডার থাকা সত্ত্বেও দীর্ঘদিন ধরে তৃণমূল ছাত্র পরিষদের এক মাতব্বর কর্তৃপক্ষের নাকের ডগা দিয়ে ক্যাম্পাস দাপিয়ে বেরিয়েছে। এখনো ক্যাম্পাসের অভ্যন্তরে এই সমাজবিরোধীদের আনাগোনা রয়ে গেছে। আমাদের সাফ কথা, কর্তৃপক্ষকে অবিলম্বে এই বহিরাগত দুষ্কৃতীদের ক্যাম্পাস থেকে দূর করতে হবে।

২০১৭ সালের পর থেকে কলিকাতা বিশ্ববিদ্যালয়ে ছাত্র সংসদ নির্বাচন হয়নি। সুতরাং, বৈধ ইউনিয়ন ক্যাম্পাসে নেই। স্বাভাবিকভাবেই প্রশ্ন আসে, এতদিন ধরে ছাত্রছাত্রীদের কাছ থেকে যে ইউনিয়ন ফি নেওয়া হলো, সেই টাকা কোথায় ব্যবহার হলো? আমরা, ভারতের ছাত্র ফেডারেশন কলিকাতা বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কমিটি দাবী করছি, অবিলম্বে এই ইউনিয়ন ফি'র হিসেব অডিট করে কলিকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে প্রকাশ করতে হবে। একইসঙ্গে, ছাত্র সংসদ নির্বাচন না হওয়া পর্যন্ত ছাত্রদের থেকে ইউনিয়ন ফি নেওয়া বন্ধ রাখতে হবে এবং অবিলম্বে ছাত্র সংসদ নির্বাচন করাতে হবে।

প্রিয়ঙ্কা ঘোষ
সভাপতি

অমিত কুমার ঘোষ
সম্পাদক